

অধ্যক্ষের কার্যালয়
সরকারি বিএম কলেজ, বরিশাল।

বিজ্ঞপ্তি
১৩/০৮/২০১৬

এতদ্বারা অত্র কলেজের সম্মানিত বিভাগীয় প্রধানগণকে জানানো যাচ্ছে যে, যুক্তিসঙ্গত কারণ ছাড়া দীর্ঘদিন অনুপস্থিত শিক্ষার্থীদের সনাক্তকরণ সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের চিঠির কপি স্ব স্ব বিভাগে প্রেরণ করা সত্ত্বেও বিভাগীয় প্রধানগণ অদ্য পর্যন্ত যুক্তিসঙ্গত কারণ ছাড়া দীর্ঘদিন অনুপস্থিত শিক্ষার্থীদের কোন তথ্য নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করেনি। এহেন অবস্থায় শিক্ষামন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের চাহিত তথ্য অনুযায়ী জরুরী ভিত্তিতে দীর্ঘদিন অনুপস্থিত/নিখোঁজ শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করে আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট ০২ (দুই) প্রস্থ প্রেরণ করার জন্য অনুরোধ করা গেল।

উল্লেখ্য, যুক্তিসঙ্গত কারণ ছাড়া ১০ (দশ) দিনের বেশি অনুপস্থিত শিক্ষার্থীদের সনাক্ত করে তাদের অভিভাবকদের সাথে আলোচনার পর অনুপস্থিতির কারণ সন্দেহজনক বলে প্রতীয়মান হলে তাদের তথ্য নিম্নস্বাক্ষরকারীর নিকট জরুরী ভিত্তিতে জমা দেয়ার জন্য অনুরোধ করা গেল।



অধ্যক্ষ
সরকারি বি এম কলেজ
বরিশাল।